# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৪৭১

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ আল্লাহর দয়ার আশা রাখার গুরুত্ব

আরবী

وَعَنْ أَبِي مُوسَى الأشعَرِي عَنِ النَّبِيّ ﷺ قَالَ إِذَا أَرَادَ اللهُ تَعَالَى رَحمَةَ أُمَّةٍ قَبَضَ نَبِيَّهَا قَبْلَهَا فَجَعَلَهُ لَهَا فَرطاً وَسَلَفاً بَيْنَ يَدَيْهَا وإِذَا أَرَادَ هَلَكَةَ أُمَّةٍ عَذَّبهَا وَنَبِيُّهَا حَيٌّ فَأَهلَكَهَا وَهُوَ حَيٌّ يَنظُرُ فَأَقَرَّ عَينَهُ بِهلاَكِهَا حِينَ كَذَّبُوهُ وَعَصَوا أمْرَهُ رواه مسلم

বাংলা

(৪৭১) আবূ মূসা আশআরী (রাঃ) কর্তৃক বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, যখন আল্লাহ তা’আলা কোন উম্মতের প্রতি অনুগ্রহ করার ইচ্ছা করেন, তখন তাদের নবীকে তাদের পূর্বেই তুলে নেন। অতঃপর তিনি তাঁকে সেই উম্মতের জন্য অগ্রগামী ও ব্যবস্থাপক বানিয়ে দেন। আর যখন তিনি কোন উম্মতকে ধ্বংস করার ইচ্ছা করেন, তখন তাদেরকে তাদের নবীর উপস্থিতিতে শাস্তি দেন। তিনি নিজ জীবদ্দশায় তাদের ধ্বংস স্বচক্ষে দেখেন। সুতরাং আল্লাহ তাদেরকে ধ্বংস করে নবীর চক্ষুশীতল করেন, যখন তারা তাঁকে মিথ্যাবাদী মনে করে এবং তাঁর আদেশ অমান্য করে।

ফুটনোট

(মুসলিম ৬১০৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ মূসা আল- আশ'আরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=63990

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন